

ইউজিসির সেমিনারে বক্তারা জাতীয় উন্নয়নে প্রয়োজন শিল্পবান্ধব শিক্ষা

■ সময়কাল প্রতিবেদক

জাতীয় উন্নয়নে প্রয়োজন উচ্চশিক্ষার সঙ্গে শিল্প প্রতিষ্ঠানের সেতুবন্ধন সৃষ্টি করা। উচ্চশিক্ষা শেষ করেও দেশে বেকারদের কর্মহীন সৃষ্টি হচ্ছে না। অন্যদিকে প্রয়োজনীয় দক্ষ জনশক্তিও পাচ্ছে না শিল্প প্রতিষ্ঠানগুলো। এ অবস্থার উত্তরণে বিশ্ববিদ্যালয়গুলোকে শিল্পবান্ধব শিক্ষার মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরি করতে হবে। গতকাল মঙ্গলবার রাষ্ট্রধানীর একটি হোটেলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) আয়োজিত 'ইনোভেশন ইকোসিস্টেম ফর ন্যাশনাল ডেভেলপমেন্ট : ইউনিভার্সিটি-ইন্ডাস্ট্রি কোলাবোরেশন' শীর্ষক সেমিনারে বক্তারা এ অভিযুক্ত দেন।

সেমিনারে প্রধান অতিথি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ পরিণত করতে চায়। এ জন্য মানসম্মত ও প্রযুক্তিনির্ভর শিল্পবান্ধব শিক্ষার কোনো বিকল্প নেই।

সভাপতির বক্তব্যে ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী বলেন, আমাদের দেশের উচ্চশিক্ষা এখন অনেক সমৃদ্ধ হয়েছে। জিডিপি অর্জনে আমরা অনেক দেশ থেকে এগিয়ে আছি।

বিশেষ অতিথির বক্তব্যে শিক্ষা সচিব ড. মোহাম্মদ সাদিক বলেন, বাংলাদেশ অনেক সম্ভাবনার দেশ। সাহিত্য, শিল্প আর বিজ্ঞানে আমাদের অনেক অর্জন আছে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, একবিদিসিআইর প্রথম সহসভাপতি যনোয়ারা হাকিম, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যালস ইন্ডাস্ট্রিজের মহাসচিব আবদুল মুক্তাদির, এপেক্স গ্রুপের চেয়ারম্যান শৈয়দ মজুব এলাহী।

সেমিনারে 'ইনোভেশন ইকোসিস্টেম ফর ন্যাশনাল ডেভেলপমেন্ট : ইউনিভার্সিটি-ইন্ডাস্ট্রি কোলাবোরেশন' বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন গ্লোবাল রিপোর্ট অ্যানায়েলের প্রেসিডেন্ট ড. আর এ মাসহিলকার।